

💵 মুখতাসার সহীহ আল-বুখারী

হাদিস নাম্বারঃ ৪৯ [আন্তর্জাতিক নাম্বারঃ ৫৩]

- ২. কিতাবুল ঈমান (كتاب الإيمان)
- পরিচ্ছেদঃ গণীমতের মালামাল হতে এক পঞ্চমাংশ দান করা ঈমানের অংশ

باب أَدَاءُ الْخُمُسِ مِنَ الإِيمَانِ

আরবী

الْقَوْمُ أَوْ مَنِ الْوَفْدُ؛ قَالُوا: رَبِيعَةُ. قَالَ مَرْحَبًا بِالْقَوْمِ أَوْ بِالْوَفْدِ غَيْرَ خَزَايَا وَلا نَدَامَى الْقَوْمُ أَوْ مَنِ الْوَفْدِ غَيْرَ خَزَايَا وَلا نَدَامَى الْقَوْمُ أَوْ مَنِ الْوَفْدِ غَيْرَ خَزَايَا وَلا نَدَامَى الْقَوْمُ أَوْ مِنْ الْوَفْدِ غَيْرَ خَزَايَا وَلا نَدَامَى فَقَالُوا: يَا رَسُولَ اللَّهِ، إِنَّا لا نَسْتَطِيعُ أَنْ نَأْتِيكَ إِلا فِي الشَّهْرِ الْحَرَامِ، وَبَيْنَنَا وَبَيْنَكَ هَذَا الْحَيُّ مِنْ كُفَّارِ مُضَرَر، فَمُرْنَا بِأَمْرٍ فَصِلْ نُخْبِرْ بِهِ مَنْ وَرَاءَنَا، وَنَدْخُلْ بِهِ الْجَنَّة، وَسَأَلُوهُ عَنِ الأَشْرِبَةِ. فَأَمْرَهُمْ بِأَرْبَعٍ وَنَهَاهُمْ عَنْ أَرْبَعِ. أَمَرَهُمْ بِالإِيمَانِ بِاللَّهِ وَحْدَهُ قَالَ أَتَدْرُونَ مَا الْإِيمَانُ بِاللَّهِ وَحْدَهُ وَالْأَلُوا اللَّهُ وَرَسُولُهُ أَعْلَمُ. قَالَ شَهَادَةُ أَنْ لا إِلَهَ إِلا اللَّهُ وَأَنَّ مُحَمَّدًا رَسُولُ اللَّهِ وَحْدَهُ وَالْقَاءُ التَّهُ وَرَسُولُهُ أَعْلَمُ وَصِيامُ رَمَضَانَ، وَأَنْ تُعْطُوا مِنَ الْمَغْنَمِ رَسُولُ اللَّهِ، وَإِقَامُ الصَّلَاةِ، وَإِيتَاءُ الزَّكَاةِ، وَصِيامُ رَمَضَانَ، وَأَنْ تُعْطُوا مِنَ الْمُقَيْرِ وَلَهُ الْمُؤَفَّةِ، وَلِللَّقِيرِ، وَالْمُزَفَّتِ، وَرُبَّمَا قَالَ الْمُقَيَّرِ وَقَالَ احْفَظُوهُنَّ وَأَجْرُوا بِهِنَّ مَنْ وَرَاءَكُمْ. (بخارى: [[]

বাংলা

৪৯) আব্দুল্লাহ ইবনে আব্বাস (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেনঃ আব্দুল কায়েস গোত্রের প্রতিনিধিদল যখন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম-এর নিকট আগমণ করল তখন তিনি তাদেরকে বললেনঃ তোমরা কোন্ গোত্রের লোক অথবা কোন্ গোত্রের প্রতিনিধি? তারা বললঃ আমরা রবীয়া গোত্রের লোক। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বললেনঃ তোমাদেরকে স্বাগতম। এখানে তোমাদের অপমানবোধ ও লজ্জা-শরমের কিছু নেই। তারা বললঃ হে আল্লাহর রাসূল! হারাম মাস ব্যতীত আমরা আপনার কাছে আসতে পারিনা। আমাদের ও আপনার মাঝে মুযার গোত্রের কাফেররা বসবাস করে। তাদের কারণে আমরা আপনার নিকট আসতে পারিনা। সুতরাং আপনি আমাদেরকে এমন কিছু বিষয়ের চূড়ান্ত আদেশ দিন, যা হক ও বাতিলের মধ্যে পার্থক্য করে দিবে। আমাদের পেছনে যারা রয়ে গেছে তাদের বিষয়গুলো অবহিত করব এবং সে অনুযায়ী আমল করে আমরাও জান্নাতে প্রবেশ করব। তারা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে পানীয় বস্তুসমূহ সম্পর্কে জিজ্ঞেস করল। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে আদেশ দিলেন এবং চারটি বস্তু থেকে নিষেধ করলেন। তিনি



তাদেরকে এক আল্লাহর প্রতি ঈমান আনয়নের নির্দেশ দিলেন। তারপর তিনি বললেনঃ এক আল্লাহর প্রতি ঈমান কাকে বলে তোমরা কি জান? তারা বললঃ আল্লাহ এবং তাঁর রাসূলই ভাল জানেন। তিনি বললেনঃ এক আল্লাহর প্রতি ঈমানের অর্থ হলঃ এ সাক্ষ্ম দেয়া যে, আল্লাহ ছাড়া কোন সত্য উপাস্য নেই। তাঁর কোন শরীক নেই এবং মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আল্লাহর রাসূল। নামায কায়েম করা, যাকাত আদায় করা, রামাযানের রোযা রাখা এবং গণীমতের মালের এক পঞ্চমাংশ প্রদান করা। তিনি তাদেরকে চারটি পাত্র ব্যবহার করা হতে নিষেধ করলেন। (১) সবুজ রঙ্গের কলসী। (২) লাউয়ের খোলশ। (৩) কাঠের নির্মিত পাত্র (৪) আলকাতরা দিয়ে প্রলেপ লাগানো পাত্র। পরিশেষে তিনি বললেনঃ এ সকল বিষয় স্মরণ রাখবে এবং যারা তোমাদের পিছনে রয়ে গেছে তাদেরকে অবহিত করবে।

টিকাঃ উপরোক্ত পাত্রগুলো ব্যবহার করতে নিষেধ করার কারণ হল তৎকালে এই পাত্রগুলোতে মদ ও নেশা জাতীয় বস্তু রাখা হত। মূলতঃ পাত্র ব্যবহার করতে নিষেধ করার মাধ্যমে নেশা জাতীয় বস্তু হতে নিষেধ করা হয়েছে। অতএব নেশাজাত দ্রব্য মুক্ত হলে সেগুলো ব্যবহারে কোন বাধা নেই।

English

To pay Al-Khumus (one-fifth of the war booty to be given in Allah's Cause) is a part of faith

Narrated Abu Jamra:

I used to sit with Ibn 'Abbas and he made me sit on his sitting place. He requested me to stay with him in order that he might give me a share from his property. So I stayed with him for two months. Once he told (me) that when the delegation of the tribe of 'Abdul Qais came to the Prophet, the Prophet (ﷺ) asked them, "Who are the people (i.e. you)? (Or) who are the delegate?" They replied, "We are from the tribe of Rabi'a." Then the Prophet (ﷺ) said to them, "Welcome! O people (or O delegation of 'Abdul Qais)! Neither will you have disgrace nor will you regret." They said, "O Allah's Messenger (繼)! We cannot come to you except in the sacred month and there is the infidel tribe of Mudar intervening between you and us. So please order us to do something good (religious deeds) so that we may inform our people whom we have left behind (at home), and that we may enter Paradise (by acting on them)." Then they asked about drinks (what is legal and what is illegal). The Prophet (ﷺ) ordered them to do four things and forbade them from four things. He ordered them to believe in Allah Alone and asked them, "Do you know what is meant by believing in Allah Alone?" They replied, "Allah and His Apostle know better." Thereupon the Prophet (ﷺ) said, "It means:

1. To testify that none has the right to be worshipped but Allah and



Muhammad is Allah's Messenger (.()

- 2. To offer prayers perfectly
- 3. To pay the Zakat (obligatory charity)
- 4. To observe fast during the month of Ramadan.
- 5. And to pay Al-Khumus (one fifth of the booty to be given in Allah's Cause).

Then he forbade them four things, namely, Hantam, Dubba,' Naqir Ann Muzaffat or Muqaiyar; (These were the names of pots in which Alcoholic drinks were prepared) (The Prophet (ﷺ) mentioned the container of wine and he meant the wine itself). The Prophet (ﷺ) further said (to them): "Memorize them (these instructions) and convey them to the people whom you have left behind."

ফুটনোট

ইসলামিক ফাউন্ডেশনঃ ৫১

ইসলামিক সেন্টারঃ ৫১

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আলোকিত প্রকাশনী 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

₱ Link — https://www.hadithbd.com/hadith/link/?id=88744

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন